

নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.২৫.০০৫.২২-১৩২৯

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯

১৩ অক্টোবর ২০২২

অফিস আদেশ

স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন রাজশাহী জেলার কাঁকনহাট পৌরসভার মেয়র, জনাব একে এম আতাউর রহমান খানকে চিকিৎসার উদ্দেশ্যে যাত্রার তারিখ হতে মোট ২০ (বিশ) দিন বহিঃবাংলাদেশ ছুটিতে নিম্নোক্ত শর্তে ভারত গমনের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

- (ক) প্রস্তাবিত ভ্রমণের যাবতীয় ব্যয়ভার তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকার এবং কাঁকনহাট পৌরসভার কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না;
- (গ) তাঁর বিদেশ ভ্রমণকালীন সময়ে প্যানেল মেয়র-১ কাঁকনহাট পৌরসভা মেয়রের দায়িত্ব পালন করবেন;
- (ঘ) বিদেশে অবস্থানকালে কোন সভা/সমাবেশে অংশগ্রহণ করে রাষ্ট্রের জন্য হানিকর কোন বক্তব্য প্রদান করা যাবে না;
- (ঙ) ভ্রমণ শেষে দেশে ফিরে যথারীতি সরকারকে অবহিত করবেন।

১৩-১০-২০২২

মোঃ আব্দুর রহমান

উপসচিব

ফোন: ৯৫১৪১৪২

নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.২৫.০০৫.২২-১৩২৯/১(১০)

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯

১৩ অক্টোবর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
- ২) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) মহাপরিচালক (ভারপ্রাপ্ত), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) নিয়ন্ত্রক, বৈদেশিক মুদ্রা বিনিময়, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৬) পরিচালক, হযরত শাহজালাল (র) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন চেক পোস্ট, বেনাপোল স্থলবন্দর, যশোর।

৯) মেয়র/প্যানেল মেয়র, কাঁকনহাট পৌরসভা, রাজশাহী [মেয়রের ছুটিকালীন সময়ে প্যানেল মেয়র-১ কাঁকনহাট পৌরসভার মেয়রের দায়িত্ব পালন করবেন]।

১০) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ



১৩-১০-২০২২

মোঃ আব্দুর রহমান

উপসচিব